

ব্যবসাবিগ্জ্য

এই সময় কলকাতা বুধবার ১৮ সেপ্টেম্বর ২০২৪

ইএসজি পেশাদার তৈরির সলতে পাকাতে উদ্যোগ কোর্স আইএসআই-আইআইএসডব্লিউবিএমের



এই সময়: ইএসজি। বিশদে এনভায়রনমেন্টাল, সোশ্যাল অ্যান্ড গভর্ন্যান্স। গোটা বিশ্বে ব্যবসা, শিল্প ও কর্পোরেট জগতে এটাই নতুন বাজ় ওয়ার্ড। কোনও সংস্থায় লগ্নি করার আগে সংশ্লিষ্ট সংস্থার আর্থিক খুঁটিনাটির বাইরে এই তিনটি বিষয়ের বিশ্লেষণ এখন প্রায় বাধ্যতামূলক। সেই কারণে সাসটেনেবিলিটি প্রফেশনালদের এখন বিরাট চাহিদা এবং তা আরও বাড়বে, দাবি বিশেষজ্ঞদের। যদিও চাহিদার তুলনায় শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে সাসটেনেবিলিটি প্রফেশনালের জোগান খুবই কম।

তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞ কল্যাণ করের কথায়, ‘২০৫০ সালের মধ্যে ইউরোপ নেট জিরো-র লক্ষ্যমাত্রা নিয়েছে। আবহাওয়া পরিবর্তনের মোকাবিলায় ভারতের লক্ষ্য ২০৭০ সালের মধ্যে পরিবেশে নিট কার্বন নিগর্মন শূন্য করা। পরিবেশ রক্ষার পাশাপাশি বিভিন্ন সংস্থা তাদের সামাজিক দায়িত্ব ও দায়বদ্ধতা কতটা পালন করছে এবং একই সঙ্গে গভর্ন্যান্সের মতো বিষয়ও লগ্নিকারীদের আতসকাচের তলায় রয়েছে। তাই সাসটেনেবিলিটি প্রফেশনালের বিরাট চাহিদা। কিন্তু, দুঃখের বিষয় জোগান চাহিদার

তুলনায় কিছুই নেই।’

২০১৯ সালের এপ্রিল থেকে ২০২৩ সালের এপ্রিলের মধ্যে ভারতে ইএসজি ক্ষেত্রে চাকরির সংখ্যা ২২৩% বেড়েছে। সাসটেনেবিলিটি অ্যাডভাইজরি ও অ্যাসিওরেন্স সার্ভিসেস সংস্থা ফিউচারস্টেশন সার্ভিসেস-এর এগজিকিউটিভ ডিরেক্টর শান্তনু দেব মুখোপাধ্যায় বলেন, ‘লগ্নিকারী তো বটেই ক্রেতাদের আস্থা পেতেও ইএসজি কমপ্লায়েন্স মাস্ট। ভারত থেকে ইউরোপ, আমেরিকায় রপ্তানির ক্ষেত্রে ইএসজি বিষয়টি বাধ্যতামূলক ভাবে দেখা হয়।’ সংস্থার গভর্ন্যান্সের ক্ষেত্রে ওয়ার্কপ্লেসে ইকুয়াল অপরচুনিটি অন্যতম মাপকাঠি। কোনও সংস্থায় যদি এলজিবিটিকিউ কর্মীর সংখ্যা অন্য একটি সংস্থার থেকে বেশি হয়, তা হলে প্রথম সংস্থাটির ইএসজি রেটিং বেশি হবে।

গভর্ন্যান্সের ক্ষেত্রে কয়েক বছর আগে ইনফোসিসের ঘটনাটি উদাহরণ হিসেবে উল্লেখ করা যেতেই পারে। সেই সময়ে ইনফোসিসের সিইও বিশাল সিঙ্কার সংস্থার পরিচালন ও গভর্ন্যান্স নীতি নিয়ে প্রবল ক্ষুব্ধ হয়েছিলেন ইনফোসিসের অন্যতম প্রতিষ্ঠাতা এন. আর. নারায়ণমূর্তি। গভর্ন্যান্স ইস্যুতে কোনও মতেই আপস করতে রাজি ছিলেন না

নারায়ণমূর্তি। এর ফলে পদ খোয়াতে হয় বিশাল সিঙ্কারে।

সোমবার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটে ‘হারনেসিং ডেটা অ্যানালিটিক্স ফর ইএসজি অ্যান্ড সাসটেনেবিলিটি ইন ট্রান্সফর্মিং বিজনেস’ শীর্ষক একটি আলোচনাসভার আয়োজন করা হয়েছিল। সেখানে কোনও সংস্থার সামাজিক দায়িত্ব ও দায়বদ্ধতার উল্লেখ করার সময় সংশ্লিষ্ট সংস্থার জল বাঁচানোর উদাহরণ দিয়েছেন বক্তারা। ভারতে সবথেকে আগে ইএসজি ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া দুটি সংস্থাই পূর্ব ভারতের— টাটা স্টিল ও আইটিসি।

২০২১ সালে ভারতে সাসটেনেবিলিটি কনসালটিং ও ইএসজি বাজারের মূল্য ছিল ২২৫.২১ মিলিয়ন ডলার। যা ২০২২-২০৩০ সালের মধ্যে প্রতি বছর ৭.৪২% চক্রবৃদ্ধি হারে বাড়বে। এই বিপুল বাজারের চাহিদা পূরণ করার জন্য দক্ষ সাসটেনেবিলিটি প্রফেশনাল গড়ে তুলতে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট ও আইআইএসডব্লিউবিএম কলকাতা ইএসজি অ্যান্ড সাসটেনেবিলিটি এগজিকিউটিভ প্রোগ্রাম চালু করেছে। ওয়ার্কিং প্রফেশনালদের জন্য ১০ সপ্তাহের প্রোগ্রামটি নভেম্বরে শুরু হবে বলে কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে।

Data analytics course to address environmental & social threats

Poulami.Roy@timesofindia.com

Kolkata: The Indian Institute of Social Welfare and Business Management (IISWBM) and the Institute of Data Engineering, Analytics and Science Foundation Technology Innovation Hub (IDEAS-TIH) at the Indian Statistical Institute (ISI) have launched an Executive Programme on “A Data-Driven Approach to ESG and Sustainability for Business” starting from Nov.

The two institutions signed an MoU on Tuesday to formalize their collaboration on this certificate programme.

ISI director Sanghamitra Bandyopadhyay emphasized the importance of addressing environmental and social threats through data-driven approaches.

The primary objective of this partnership is to harness

HYBRID FORMAT

the power of data analytics to integrate environmental, social, and governance (ESG) principles, while also instilling a commitment to sustainability and social responsibility in the younger generations. The 10-week course will be offered in a hybrid format, including a campus immer-

sion programme on both IISWBM and ISI campuses. Participants will be taught the essential components of ESG and sustainability, as well as the data analytics skills necessary to implement and practice these concepts.

During an interactive session with industry representatives and trade chambers, like Tata Metaliks, PwC, CESC, and BCC&I, the challenges faced by businesses in terms of data availability, collection, and validation were discussed. These aspects have been incorporated into the course curriculum.